



বিজ্ঞপ্তি নং- ০১ অব ২০২০-২১

তারিখ : ১০/১১/২০২০খিঃ

“বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২০” প্রদানের জন্য বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ১০টি শ্রেণীতে বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২০ প্রদান করা হবে। পাবনা ও সিরাজগঞ্জ জেলার আওতাধীন বিভিন্ন উপজেলার জনসাধারণ, সকল শিক্ষা প্রতিষ্ঠান/ ধর্মীয় প্রতিষ্ঠান/ সরকারী/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত সংস্থা/ ব্যক্তি/নার্সারীর মালিক/ বৃক্ষ গবেষণা প্রতিষ্ঠান/ সংরক্ষণ/ উদ্ভাবক/ এনজিও প্রধানগণের নিকট হতে সরকারি নির্ধারিত ফরমে আগামী ১৫ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ তারিখের মধ্যে প্রত্যেক শ্রেণীর জন্য পৃথক পৃথকভাবে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পাবনা ও সিরাজগঞ্জ জেলার আওতাধীন বিভিন্ন উপজেলার আবেদনকারীগণ তাদের স্ব স্ব নির্বাহী কর্মকর্তার বরাবরে আবেদন দাখিল করবেন। প্রত্যেক শ্রেণীর আবেদন ফরম ও অন্যান্য জ্ঞাতব্য বিষয়াদি আবেদনকারীগণের স্ব স্ব উপজেলা বন কর্মকর্তার কার্যালয় / উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে/ ভারপ্রাপ্ত বন কর্মকর্তা/ শালগাড়ীয়া/ সুজানগর/ রায়গঞ্জ এস.এফ.এন.টি.সি'র কার্যালয়ে অথবা বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, পাবনার কার্যালয়ে দেখতে, জানতে ও তথ্যাদিসহ আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন।

পুরস্কারের শ্রেণী

| শ্রেণী | শ্রেণীর নাম | শ্রেণী | শ্রেণীর নাম |
|--------|--|--------|---|
| ক | প্রাথমিক বিদ্যালয়/উচ্চ বিদ্যালয়/এবতেদায়ী মাদ্রাসা/ সিনিয়র মাদ্রাসা | খ | কলেজ/বিশ্ববিদ্যালয় |
| গ | ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ/জেলা পরিষদ পৌরসভা/সিটি কর্পোরেশন। | ঘ | অধিদপ্তর/পরিদপ্তর/সেক্টর কর্পোরেশন/ প্রতিষ্ঠান |
| ঙ | এনজিও/ক্লাব/স্বেচ্ছাসেবী সংস্থা | চ | ব্যক্তিগত পর্যায়ে বৃক্ষরোপণ |
| ছ | ব্যক্তি মালিকানাধীন নার্সারী | জ | বাড়ীর ছাদে বাগান সৃজন |
| ঝ | বন বিভাগ কর্তৃক সৃজিত বাগান | ঞ | বৃক্ষ গবেষণা/সংরক্ষণ/উদ্ভাবন। |

এতদসংক্রান্ত নীতিমালা কোন সংশোধনী/ সংযোজন হলে তাহা মনোনয়ন বাছাইয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(মোঃ মাহবুবুর রহমান)
বিভাগীয় বন কর্মকর্তা,
সামাজিক বন বিভাগ, পাবনা।
ফোন-০৭৩১-৬৫৬৭১ (অফিস)

১০/১১/২০২০